ইত্তেফাক

তারিখ 21/11/80
পৃষ্ঠা 8 কলাম 3

025

00-070

# প্রাথমিক শিক্ষকদের পথসভা ও বিক্ষোভ

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বৃহস্পতিবার) ধর্মঘটী প্রাথমিক শিক্ষকরা সূত্রাপুর থানা এলাকায় পথসভা ও বিক্ষোভের আয়োজন করেন। তাঁহারা প্রাথমিক বিদ্যালয় পৌর

(৮ম পৃঃ এর ৩-কঃ দ্রঃ)

# প্রাথমিক শিক্ষকদের পথসভা

(১ম পৃঃ পর)

কর্পোরেশনের অধীনে ন্যস্ত করার অধ্যাদেশ বাতিলের দাবী জানান।

'প্রাথমিক শিক্ষকরা না বুঝিয়া আন্দোলন করিতেছেন' এই মর্মে প্রধানমন্ত্রীর সাম্প্রতিক উক্তির প্রতিবাদ করিয়া বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ ও সাধারণ সম্পাদক কাজী আঃ কাঃ ফজলুল হক গতকাল (বৃহস্পতিবার) এক বিবৃতিতে বলেন, ঢাকা মহানগরীর আড়াই হাজার প্রাথমিক শিক্ষকের ভাগ্য লইয়া ছিনিমিনি খেলা বরদাস্ত করা হইবে না। প্রাথমিক শিক্ষকদের চাকুরীর বর্তমান মর্যাদা অক্ষুন্ন রাখিয়া জাতীয় সংসদে বাস্তব ভিত্তিক প্রাথমিক শিক্ষা আইন প্রণীত না-হওয়া পর্যন্ত সংগ্রাম চলিবে।

ধর্মঘটী প্রাথমিক শিক্ষকগণ গত মঙ্গলবার তেজগাঁও শিল্প এলাকা নাখালপাড়া ও বি এন-পির সেক্রেটারী জেনারেলের বাসভবনের সম্মুখে বিক্ষোভ প্রদর্শন করেন।

জাসদ সভাপতি ও সাধারণ সম্পাদক গতকাল (বৃহস্পতিবার) এক বিবৃতিতে সর্বস্তরের পেশাজীবী মানুষের প্রতিনিধিত্বশীল পৌর সংস্থা গঠিত হওয়ার পূর্বে পৌর কর্পোরেশনের হাতে প্রাথমিক বিদ্যালয় ন্যস্ত না করার আবেদন জানাইয়াছেন।

## শিক্ষা অফিসারদের ধর্মঘটের সিদ্ধান্ত

বাংলাদেশ শিক্ষাবিভাগীয় পরিদর্শন শাখার অফিসারদের যুক্ত সংগ্রাম পরিষদ গত বুধবার তেজগাঁয়ে অনুষ্ঠিত জেলা সম্মেলনে প্রাথমিক শিক্ষকদের দাবীর প্রতি সমর্থন, শিক্ষা অফিসাদের ক্যাডার সার্ভিসে অন্তর্ভুক্তি এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রথম সুপারিশকৃত শিক্ষা অফিসারদের বেতন স্কেল বাস্তবায়নের দাবীতে ২৮ ও ২৯শে নভেম্বর প্রতীক ধর্মঘট পালন এবং দাবী পুরণ না হইলে ১৫ই ডিসেম্বর হইতে জেলা পর্যায় পর্যন্ত সকল শিক্ষা কর্মকর্তার ধর্মঘটের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।